

কোম্পানি (আয়করের উপর অধিভার) আইন, ১৯৭১

১৯৭১-এর ৬২ নং আইন

[১লা জুন, ১৯৮৮ তারিখে মধা-বিদ্যমান]

আয়কর আইন, ১৯৬১ অনুযায়ী ১৯৭১-৭২ আর্থিক বৎসরে কোম্পানি কর্তৃক অগ্রিম প্রদেয় আয়করের উপর অধিভার উদ্‌গ্রহণ বিহিত করণার্থ আইন।

[২০শে ডিসেম্বর, ১৯৭১]

ভারত সাধারণতন্ত্রের দ্বাবিংশ বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

১। এই আইন কোম্পানি (আয়করের উপর অধিভার) সংক্ষিপ্ত নাম। আইন, ১৯৭১ নামে অভিহিত হইবে।

২। এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যিক না হইলে,— সংজ্ঞার্থ।

১৯৬১-র
৪০।

(ক) “আয়কর আইন” বলিতে আয়কর আইন, ১৯৬১ বুঝাইবে;

(খ) এই আইনে ব্যবহৃত সকল শব্দ ও কথার যথাক্রমে সেই অর্থই হইবে উহাদের যে অর্থ আয়কর আইনে নির্দিষ্ট হইয়াছে।

৩। (১) যে কোম্পানি ১লা এপ্রিল, ১৯৭১ তারিখে ১৯৭১-৭২-এ আরভ্যমান আর্থিক বৎসরে আয়কর আইনের ২১০ ধারা বা ২১২ ধারা অনুযায়ী অগ্রিম কর প্রদানে দায়ী হন, সেসকল কোম্পানি কর্তৃক প্রদেয় আয়করের উপর অধিভার উদ্‌গ্রহণ।

উপধারায় বিনির্দিষ্ট অর্থপরিমাণের আড়াই শতাংশ হারে অনূর্গণিত অতিরিক্ত অর্থ আয়করের উপর অধিভাররূপে ১৫ই মার্চ, ১৯৭২ তারিখে বা ঐ তারিখের পূর্বে কেন্দ্রীয় সরকারের অনুকূলে প্রদান করিবেন।

(২) (১) উপধারায় উল্লিখিত অর্থপরিমাণ হইবেঃ—

(i) যেক্ষেত্রে আয়কর আইনের ২১০ ধারার (১) উপধারা বা (৩) উপধারা অনুযায়ী কোন আদেশক্রমে অগ্রিম কর প্রদান করিতে হইবে বলিয়া অনুজ্ঞাত হয়, সেক্ষেত্রে ঐরূপ আদেশে বিনির্দিষ্ট অর্থপরিমাণ ;

(ii) যেক্ষেত্রে কোম্পানি কর্তৃক দাখিলীকৃত প্রাক্কলনের ভিত্তিতে আয়কর আইনের ২১২ ধারার (১) উপধারা বা (২) উপধারা বা (৩) উপধারা বা (৩ক) উপধারা অনুযায়ী অগ্রিম কর প্রদেয় হয়, সেক্ষেত্রে ঐরূপে প্রদেয় অগ্রিম করের অর্থপরিমাণ।

(৩) কোন কোম্পানি কর্তৃক (১) উপধারা অনুযায়ী আয়করের উপর অধিভাররূপে যে অর্থ আদায় হইবে বলিয়া অনুজ্ঞাত হয়, সেই অর্থ তৎপক্ষে আয়কর আধিকারিকের নিকট হইতে কোম্পানির নিকট দাবিসূচক কোন নোটিস ব্যতিরেকেই প্রদান করিতে হইবে।

৪। যদি ৩ ধারার (১) উপধারা অনুযায়ী প্রদত্ত হইবে বলিয়া অনুজ্ঞাত অর্থ ১৫ই মার্চ, ১৯৭২ তারিখে বা ঐ তারিখের পূর্বে প্রদত্ত না হয়, তাহা হইলে, কোম্পানি খেলাপকারী নির্ধারী বলিয়া গণ্য হইবেন, এবং

(ক) কোম্পানি ১৫ই মার্চ, ১৯৭২ হইতে বার্ষিক নব্বই শতাংশ হারে সরল সুদ প্রদানে দায়ী থাকিবেন;

(খ) আয়কর আইনের ২২১ ধারা হইতে ২২৭ ধারা, ২২৯ ধারা, ২৩১ ধারা ও ২৩২ ধারার সকল বিধান এবং ঐ আইনের দ্বিতীয় ও তৃতীয় তফসিল এবং ঐ আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী যতদূর সম্ভব এরূপে প্রযুক্ত হইবে যেন উক্ত বিধানসমূহ এই আইনের বিধানসমূহ ছিল এবং ঐ আইন অনুযায়ী আয়কর এবং দণ্ড ও সন্দ রূপে আরোপিত অর্থাৎকর পরিবর্তে এই আইন অনুযায়ী আয়করের উপর অধিভার এবং দণ্ড ও সন্দ রূপে আরোপিত অর্থাৎকর উল্লিখিত হইয়াছিল এবং যেন ২২০ ধারার (২) উপধারার উল্লেখসমূহ এই ধারার (ক) প্রকরণের উল্লেখসমূহ ছিল।

অধিভারের জন্য ছাড়।

৫। এই আইন অনুসরণক্রমে আয়করের উপর অধিভাররূপে কোন কোম্পানি কর্তৃক প্রদত্ত বা উহার নিকট হইতে আদায়কৃত কোন অর্থাৎক, যে সময়সীমা ১লা এপ্রিল, ১৯৭২ তারিখে আরভ্যমান নির্ধার বৎসরের পূর্ববর্তী বৎসর হইবে, সেই সময়সীমার আয় সম্পর্কে আয়কর আইন অনুযায়ী কর প্রদান রূপে গণ্য হইবে এবং আয়কর আইনের ১৪০ক ধারা, ১৪১ক ধারা, ১৪৩ ধারা বা ১৪৪ ধারা অনুযায়ী নির্ধারের উদ্দেশ্যে কোম্পানিকে তজ্জন্য ছাড় প্রদান করা হইবে।